



Admissible under Regn Rule 21
duly Stamped under the Indian Stamp Act 1899 as amended by Act ... of 1922 and section 82 of the Calcutta Improvement Act, 1911 Schedule.
No. 23...
Stamp Duty Paid under the Indian Stamp Act, 1899 as Amended in 1976 Rs. 4189.00
Additional Duty Paid under the Calcutta Improvement Act 1911
Rs. 960 Excess X
Total Rs. 5129

A 469.50
E 6.00
N 1.20
476.70

District Sub-Registrar
Alipore, 24 Parganas
18.2.81

স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা, মূল্য ৪৮,০০০,

আটচল্লিশ হাজার টাকা।

| কোবালা গ্রহীতাঃ – | কোবালা দাত্রীঃ – |
|---|---|
| শ্রীমতী রেনুকা ব্যানার্জ্জি<br>স্বামী ঐ ধীরেন্দ্র নাথ ব্যানার্জ্জি<br>জাতি হিন্দু, পেশা গৃহস্থালী,<br>সাং ১০৯ নং বি, বি, চ্যাটার্জ্জি<br>রোড, কলিকাতা –৪২, থানা –কসবা,<br>জেলা ২৪ পরগনা। | শ্রীমতী মিনতি ঘোষাল<br>পিতা ঁদাশরথী ঘোষাল<br>জাতি হিন্দু, পেশা গৃহস্থালী ও<br>শিল্পী, সাং ৩৬নং আর,কে,<br>ঘোষাল রোড, কলিকাতা –৪২<br>থানা কসবা, জেলা ২৪পরগনা। |

বস্য স্থাবর সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চ আগে –
জেলা ২৪ পরগনা, সাবরেজেষ্ট্রি আলিপুর, থানা সাবেক সদর টালিগঞ্জ, অধুনা যাদবপুর হাল কসবা জেলা কালেক্টারির তৌজি নং ১২৯৮/২৮৩৩ অন্তর্ভুক্ত গ্রাম ডিহিসন,

C. K. Mukherjee


Presented for Registration at
12-20 A.M./P.M. on the 18th
day of Feb 1981
the Sadar Registration Office
Alipore, 24 Parganas by Minati Ghoshal
Executant / Claimant or one of
Executants / Claimants or
Attorney for
Executant / Claimant under a
power of attorney No
19 authenticated by the
Registrar of

District Sub-Registrar
Alipore, 24 Parganas
18.2.81

SEAL OF THE DISTRICT REGISTRAR ★ 24 PARGANAS ALIPORE ★

Minati Ghoshal.
Daughter of Dashiradhi Ghoshal
of 36, R. K. Ghosal Road
Thana Kasba
District Cal 42
By, Caste Hindu
By, profession H. wife.

Minati Ghoshal.



1871

Minati Ghoshal.

Sushil Kr. Datta

Sushil Kr. Datta
Jugal Kumar Datta
108, B. B. Chatterjee Road
Kasba
District Cal 42
By, Caste H
By, profession B

District Sub-Registrar
Alipore
18.2.81


100Rs.




Jinati Ghoshal

২

সাব ডিভিসন নং ।কো ,২৪৩ হইতে ৪৪নং হোলডিং ভুক্ত পরগনা পঞ্চান্ন গ্রাম রেঃ সাঃনং কে, ।জি,।ডি, ৫।৬, জেঃ এলঃনং ১৭, মৌজা গদসা ,২৫৯নং খতিয়ান ভুক্ত ৪২৫ ও ৪২২ নং দাগ ভুক্ত জমির মধ্য হইতে রাস্তা ঘাটের সুযোগ সুবিধা সমেত কমবেশ ।০৩০ পাঁচ কাঠা ত্রিশ বর্গফিট পরিমিত জমি ও তদুপরিস্থিত নির্মিত আংশিক একতলা আংশিক দ্বিতল পাকা ইমারতাদি মায় যাবতীয় সাজসাট আরুআজ্ঞাতাদি যাহা কলিকাতা কর্পোরেশনের এলাকাধীন ১৪নং আর, কে, ঘোষাল রোড কলিকাতা-৪২ রুপে পরিচিত প্রেমিসেস ভুক্ত হইতেছে এবংঅত্র কোবালার নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ও চৌহদ্দিদাস্থিত হইতেছে এবংঅত্র কোবালা সংলগ্ন নক্সায় লাল বর্নের সীমা রেখা দ্বারা সীমাবদ্ধ ও প্রদর্শিত হইতেছে , তাহাই অত্র কোবালার বিষয়ীভুত বিক্রীত সম্পত্তি হইতেছে ।




Minati Ghoshal

২

বিক্রীত সম্পত্তি নৃত্য গোপাল ঘোষাল মহাশয়ের নির্ব্যূঢ় মালিকী স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে এবং মধ্য স্বত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর সম্পত্তি হিসাবে তাহার নামে বিগত ডিস্ট্রিক্ট সেটেলমেন্ট রেকর্ড ভুক্ত হয় এবং তিনি উহা ভোগ দখলিকার থাকা অবস্থায় কোনউইলাদি বা দলিলাদি সম্পাদন না করিয়া পরলোক গমন করিলে পর তাহার - পরিত্যক্ত উক্ত সম্পত্তি তাহার ভ্রাতা ননী গোপাল ঘোষাল একক নির্ব্যূঢ় সূত্রে প্রাপ্ত হয়েন এবং অতঃপর ননীগোপাল ঘোষাল কোন উইল বা দলিলাদি সম্পাদন না করিয়া পরলোক গমন করিলে পর তাহার একমাত্র পুত্র দাশুরথী ঘোষাল মহাশয় উক্ত সম্পত্তি একক নির্ব্যূঢ় সূত্রে প্রাপ্ত হইয়া ভোগ দখলিকার থাকেন এবং অতঃপর উক্ত দাশুরথী ঘোষাল মহাশয় - তাহার জীবিত কালেই উক্ত মোট ॥২৮৵১০ বর্গ ফিট পরিমিত পুষ্করিনী সমেত সম্পত্তি কোবালা দাত্রীআমাকে তাহার কন্যা হিসাবে আমার প্রতি স্নেহ ও ভালবাসা বশতঃ এবং আমার উন্নতি কল্পে বিগত ইং ১৯৬০ সালের ৪ঠা জুন তারিখে সম্পাদিত এক দানপত্র দলিল বলে নির্ব্যূঢ় স্বত্বেদান করেন এবং উক্ত দান কোবালা দাত্রীআমি সানন্দে গ্রহন করি।






প্রকাশ থাকে যে উক্ত দান পত্র দলিলে বর্ণিত সম্পত্তির অন্যান্য বিবরন ঠিক আছে বটে কিন্তু ভুল বশতঃ উহাতে দাগ নম্বর ৪২৫ ও ৪২২ স্থলে ২২৫ ও ২২২ লিখা আছে কিন্তু প্রকৃত পক্ষে উহা ৪২৫ ও ৪২২ হইবে।

কোবালা দাত্রী আমার পিতা কর্তৃক আমারনাম বরাবর সম্পাদিত উক্ত দান পত্র দলিল আলিপুর সাবরেজেষ্ট্রি অফিসে রেজেষ্ট্রি হইয়া উক্ত অফিসের ১ নং বহির ৮৯নং ভল্যুমের ৩২ হইতে ৩৪নং পাতায় ইংরাজীসন ১৯৬০ সালের ৪৭৫০ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে।

অতঃপর কোবালা দাত্রীআমি উক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া নিজ নাম পত্তনে নির্ব্যূঢ় সূত্রে উহা ভোগ দখলকারিনী আছি এবং উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত কমবেশ ১০৩০ পাঁচ কাঠা ত্রিশ বর্গ ফিট জমি ও তদুপরিস্থিত নির্মিত গৃহাদি কিছু অংশমাসিক ভাড়াবিলি করিয়া ভাড়া আদায় পূর্বক এবং বক্রি অংশ খাসে রাখিয়া বরাবর ভোগ দখল করিতেছি।

অতঃপরকোবালা দাত্রীআমি আমার নিজ প্রয়োজনেউক্ত ও নিম্ন তপশীলবর্ণিত সম্পত্তি বিক্রয় করিবার জন্য সোহ্রত দিলে কোবালা গ্রহিতাআপনি উহাখরিদ করিবার জন্য প্রস্তাব করিলে পর কোবালা দাত্রী আপনার প্রস্তাবিত বেলমোক্তা ৪৮০০০.আটচল্লিশ হাজার টাকা মূল্য ন্যায় সঙ্গত ও বাজারোচিত বিবেচনা করিয়া উক্ত ও নিম্ন তপশীলবর্ণিত সম্পত্তি কিছু অংশ মাসিক ভাড়াটিয়া দখলে সমেত এবংবক্রি অংশ খালি অবস্থায় খাস দখল প্রদানে আপনাকে বিক্রয় করিবার জন্য স্বীকৃত ও সম্মত হই।

Minati Ghoshal

ও নামজুর হইবে ।

অত্র কোবালা বলে কোবালা দাত্রী আমার যাবতীয় স্বত্ব দখল চিরতরে লোপ ও রহিত হইয়া কোবালা গ্রহিতা আপনাতে বর্তাইল । আমি পুনরায় এতদ্বারা স্বীকার অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে উক্ত সম্পত্তি আমি ইতিপূর্বে কোন প্রকার দায় সংযুক্ত করি নাই বা উহা কাহাকেও বিক্রয় করিবার জন্য কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তি করি নাই এবং উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে এবং তদবস্থায় খাস দখল প্রদানে উহা আপনাকে অত্র কোবালা বলে বিক্রয় করিলাম ।

কোবালা দাত্রী আমি এতদ্বারা আরো স্বীকার অঙ্গীকার প্রচার ওঘোষণা করিতেছি যে উক্ত সম্পত্তি কোন মামলা মোকদ্দমায় জড়িত নাই, নিলাম জড়িত বা ক্রোকাবদ্ধ নহে বা উক্ত সম্পত্তির উপর কোন প্রকার নিষেধাজ্ঞা প্রচারিত নাই, বা কাহারও কোন প্রকার ইজমেনট বা অর্জ্জ স্বত্ব নাই বা প্রচারিত হয় নাই এবং উহা কাহারও জামিনাদিতে আবদ্ধ নাই বা উহাতে কোন প্রকার খোরপোষাদির চার্জ্জ নাই । উক্ত সম্পত্তি দেবোত্তর বা পীরোত্তর ভুক্ত নহে বা উহাতে কোন মন্দির, ইদগা, দরগা বা গোরস্থান ছিল না বা নাই এবং উহা কোন ট্রাস্ট বা দাতব্য উদ্দেশ্যে অর্পিত হয় নাই । উক্ত সম্পত্তিতে কোন শরিক নাই বা উক্ত সম্পত্তি সম্পর্কে আমি কোবালা দাত্রী কাহারও বেনামদার নহি এবং উক্ত সম্পত্তি আয়কর ইত্যাদি সংক্রান্ত কোন প্রকার সার্টিফিকেট – কেসাদিতে জড়িত নাই । উক্ত সম্পত্তি গবর্নমেনট বা কোন পাবলিক বডি কর্তৃক এ্যাকুইজিসন বা রিকুইজিসন হয় নাই বা হইবার জন্য কোন নোটিশ বা গেজেট প্রচারিত বা প্রকাশিত হয় নাই ।

Himati Ghoshal

কোবালা দাত্রী আমি এতদ্দ্বারা পুনরায় স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে উক্ত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় ট্যাক্স রেজেষ্ট্রির তারিখ অবধি আমি পরিশোধ করিব এবং গ্রহিতা আপনি আপনার নাম কলিকাতা কর্পোরেশনে ও অন্যান্য স্থলে পত্তন করিয়া লইতে পারিবেন এবং সে সম্পর্কে আমি আপনাকে সর্ব বিষয়ে সাহায্য করিব।

কোবালা দাত্রী আমি স্বীকার প্রচার ও প্রকাশ করিতেছি যে অত্র দলিলে যদি কোন ভুল ভ্রান্তি থাকে বা থাকা প্রকাশ পায় এবং তাহার জন্য কোন সংশোধন বা পরিপোষক দলিলাদি প্রয়োজন হয় তাহা হইলে উক্ত দলিলাদি কোবালাদাত্রী আমি কোবালা গ্রহিতা আপনার খরচায় ও তলব মত সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিব এবং উহার জন্য কোন পারিশ্রমিক লইতে পারিব না।

আমার উক্ত উক্তির মধ্যে কোন উক্তি মিথ্যা বা ভুল থাকে বা থাকা প্রকাশ পায় এবং তাহার জন্য কোবালা গ্রহিতা আপনার খরিদা স্বত্বের ন্যুনতা বা হীনতা ঘটে বা আপনি আপনার খরিদা সম্পত্তি বা উহার কোন অংশ হইতে স্বত্ব দখলচ্যুত হয়েন তাহা হইলে কোবালা দাত্রী আমি মাফিকআইন আমলে আসিব এবং পনের সম্পূর্ন টাকা খরচা খেসারতাদি সমেত কোবালা গ্রহিতা আপনাকে ফেরত দিব।

আরো প্রকাশ থাকে যে উক্ত ও নিম্ন তপশীলবর্নিত সম্পত্তির মধ্যে একতলে একটি ঘর ও তাহার উপরে দ্বিতলে একটি ঘর মাসিক ভাড়াটিয়া হিসাবে শ্রী নৃপেন্দ্র নারায়ন মজুমদার চৌধুরী মহাশয় দখলিকার আছেন এবং তিনি ইংরাজী মাস অনুসারে মাসিক ১১০্ টাকা ভাড়া দেন এবং উক্ত ভাড়াটিয়ার দখলীয় অংশ সমেত এবং বক্রি অংশ খালি খাস দখল দিয়া আপনাকে বিক্রয় করিলাম এবং উক্ত ভাড়াটিয়াকে লেটার অব এ্যাটোর্নমেন্ট দিলাম যাহাতে তিনি আপনাকে মাসিক ভাড়া প্রদান করেন।

Kinati Ghoshal

প্রকাশ থাকে যে উক্ত ও নিম্ন তপশীলবর্ণিত সম্পত্তি সংক্রান্ত দলিলাদি ও কাগজ পত্রাদি কোবালা গ্রহিতা আপনাকেদিতে পারিলাম না, কারন উহাতে আমার বক্রি সম্পত্তি জড়িত আছে, তবে প্রয়োজন হইলে সব সময়ে আপনার খরচায় উক্ত মূল দলিল ও কাগজ পত্রাদি আপনাকে ইনসপেকসন দিব এবং আফিস আদালতাদিতে প্রদর্শনের জন্য দাখিল করিব।

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্তঃকরনে অন্যের বিনানুরোধেঅত্র কোবালার মর্ম সম্যক অবগত থাকিয়া ও বুঝিয়া পনের সম্পূর্ণ টাকা নিম্নজায় মত বুঝিয়া পাইয়া ও উহার প্রাপ্তি স্বীকারে কোবালা দাত্রী আমি কোবালা গ্রহিতাআপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ইং ১৯৮১ সালের ২৮ শে জানুয়ারী। বাংলা ১৩৮৭ সালের ১৪ই মাঘ।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগনা সাবরেজেষ্ট্রি আলিপুর থানা সাবেক সদর টালিগঞ্জ তৎপরে যাদবপুর হাল কসবা জেলা কালেক্টারির ১২৯৮/২৮৩৩ নং তৌজীর অন্তর্ভুক্ত গ্রাণ্ড ডিভিসন ৫ সাব ডিভিসান কে, ২৪৩ —৪৪ নং হোলডিং ভুক্ত পরগনা পঞ্চান্ন গ্রাম রে সা নং কে, । জি, ডি, ৫।৬। জেঃ এলঃনং ১৭, মৌজা গদপা, ২৫৯নং খতিয়ান ভুক্ত ৩২৫ ও ৪২২নং দাগ ভুক্ত জমির মধ্য হইতে রাস্তা ঘাটের সুযোগ সুবিধা সমেত কমবেশ ।০৩০ পাঁচ কাঠা ত্রিশ বর্গ ফুট জমি ও তদুপরিস্থিত নির্মিত আংশিক একতল ও আংশিক দ্বিতল পাকা ইমারতাদি মায় যাবতীয় সাজ গাট আকরআওলাতাদি যাহা কলিকাতা কর্পোরেশনের এলাকাধীন ১৪নং আর কে ঘোষাল রোড, কলিকাতা ৪২ রূপে পরিচিত প্রেমিসেস ভুক্ত হইতেছে এবং উক্ত বাটীতে একতলে চারিটি কামরা ও দ্বিতলে একটি কামরা মায় রান্না ঘর পায়খানা বাথরুম জলের কল ও ইলেকট্রিক —

Minati Ghosh

কানেকশান ও ফিটিংস সমেত যাবতীয় স্যাড পার্ট আরুব আওয়াতাদি ও ইজমেন্ট ও বর্ত্ম স্বত্বাদি সমেত দখলস্বত্ব হক হকুক অত্র কোবালার বিষয়ীভূত বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রিত সম্পত্তি সংলগ্ন উত্তরের ৮ আট ফুট প্রশস্ত রাস্তার সর্ব্ব প্রকার ব্যবহারের সুযোগ সুবিধা ইজমেন্ট ও বর্ত্ম স্বত্ব কোবালা গ্রহিতা অত্র খরিদা বলে প্রাপ্ত হইলেন। উক্ত সম্পত্তি অত্র সহ সংলগ্ন নক্সায় লাল রংয়ের বর্ডার দ্বারা সীমাঙ্কিত ও প্রদর্শিত রহিল।

Minati

## উহার চৌহদ্দিদ

উত্তর — ৮ ফুট প্রশস্ত রাস্তা।
দক্ষিণ — কমন ড্রেন
পূর্ব্ব — ১৫ নং স্যার কে ঘোষাল রোড প্রেমিসেস।
পশ্চিম — কোবালা দাতার ১৪নং স্যার কে ঘোষাল রোড প্রেমিসেস ভুক্ত পুষ্করিণী ও ১৩ নং স্যার কে ঘোষাল রোড প্রেমিসেস।

Minati

## টাকার জমা

| | |
|---|---|
| অদ্য তারিখে ২০০১ টাকা যোগে ৪৮০ কাঠা মূল্যে | ৪৮,০০০/- টাকা |

মোট ৪৮০০০ টাকা
মং আটচল্লিশ হাজার টাকা।

## স্বাক্ষী

Minati Ghoshal

1) Sukdeb Sen Chaudhuri
165, Kasba Road, Calcutta-700042

2) [illegible] Kr. Das
108, B. B. Chatterjee Road, Cal-42

3) [illegible] Kumar Ghosh
36, Rai [illegible] Ghosh Rd.
Cal-42

4) Ranjit Kr. Banerjee
109, B. B. Chatterjee Road, Kasba
Cal-700042

টাইপ কারক
শ্রী সুখময় [illegible]
আলিপুর জজ কোর্ট

Registered in

Book I

Volume No 121

Pages 2304 to 2231

Being No 1736

For the Year 19 81

SEAL OF THE DISTRICT REGISTRAR 24 PARGANAS ALIPORE

SEAL OF THE DISTRICT REGISTRAR 24 PARGANAS ALIPORE

Sub-Registrar
Alipore, 24 Parganas
20/8/81